প্রথম আলো

তারিখ 21 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচি

সুবিধাবঞ্চিত শিশুদের জন্য গুণগত ও মানসম্পন্ন শিক্ষা বিস্তারে 'আগামী এডুকেশন ফাউন্ডেশন বাংলাদেশ'-এর উদ্যোগে পাঁচ দিনব্যাপী 'শিক্ষক প্রশিক্ষণ : হাতে কলমে বিজ্ঞান শিক্ষা' কার্যক্রম শুরু হয়েছে।

গতকাল বুধবার অলাভজনক প্রতিষ্ঠান আগামী ইনকরপোরেটেড, ইউএসএর সহযোগী এই প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়।

ফাউন্ডেশনের সভাপতি সাখাওয়াত হোসেন জানান, শ্রেণিকক্ষে যুগোপযোগী, মানসম্পন্ন ও অংশগ্রহণমূলক পদ্ধতিতে পাঠদানের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি বিজ্ঞানশিক্ষাকে হাতে-কলমে শিক্ষার্থীদের মধ্যে আনন্দদায়কভাবে উপস্থাপনের লক্ষ্যে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। বিজ্ঞপ্তি